



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৮৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

অধ্যাপক ড. সেলিম আল দীন সাহিত্যে ‘স্বাধীনতা পুরস্কার ২০২৩’ লাভ করায় উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১০ মার্চ ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের প্রয়াত অধ্যাপক ড. সেলিম আল দীন সাহিত্যে
রাষ্ট্রীয় সম্মাননা ‘স্বাধীনতা পুরস্কার ২০২৩’ লাভ করায় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম তাঁকে
আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।



আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. সেলিম আল দীন রাষ্ট্রীয় সর্বোচ্চ এ পুরস্কার লাভে
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন অত্যন্ত আনন্দিত ও গর্বিত। তিনি বিশ্ববিদ্যালয়কে খন্দ করেছেন।
বিগত সময়ে ড. সেলিম আল দীনের একুশে পদক লাভের বিষয় স্মরণ করে উপাচার্য বলেন, তাঁর একুশে
পদক লাভেও বিশ্ববিদ্যালয় সম্মানিত হয়েছিল। এখন তিনি স্বাধীনতা পুরস্কার লাভে বিশ্ববিদ্যালয়কে আরও
সম্মানিত করেছেন। উপাচার্য প্রয়াত ড. সেলিম আল দীনের সৃষ্টিকর্মের ভূয়সী প্রশংসা করে তাঁর প্রতি গভীর
শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, গতকাল ৯ মার্চ ২০২৩ তারিখ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে পদক লাভের এ
তথ্য পরিবেশন করা করা হয়।

মেহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

